কানাইঘাটে ভূয়া চিকিৎসকে ৫০ হাজার টাকা জরিমানা

কানাইঘাট প্রতিনিধি :: সিলেটের কানাইঘাটে এক ভূয়া চিকিৎসককে ৫০ হাজার টাকা জরিমানা করা হয়েছে। আজ বুধবার বিকেলে উপজেলার সড়কের বাজারে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করে এ জরিমানা করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মোহাম্মদ বারিউল করিম খান।

জানা গেছে, কানাইঘাটের সড়কের বাজারে ভিলেজ ফর হেলথ্ মেডিকেল হল নামে একটি চেম্বার খুলে চিকিৎসা সেবা চালিয়ে আসছিলেন এস.এ এনাম হোসেন মুজাক্কির নামের এক ভূয়া চিকিৎসক। নিজেকে অভিজ্ঞ চিকিৎসক পরিচয় দিয়ে তিনি ওই এলাকায় চিকিৎসা কার্যক্রম চালাচ্ছিলেন। অথচ তার ছিলো না কোন ডাক্তারি সনদ।

এমন সংবাদ পেয়ে আজ বুধবার বিকেল ৪টার দিকে উপজেলা নির্বাহী কর্মকর্তা ও ম্যাজিষ্ট্রেট মোহাম্মদ বারিউল করিম খান, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের মেডিকেল অফিসার ডা. আবুল হারিছকে নিয়ে কথিত ডাক্তার মুজাক্কির এর চেম্বারে যান।

এ সময় ইউএনও এনামকে তার ডাক্তারি সনদপত্র দেখাতে বললে তিনি এ সংক্রান্ত কোন সনদপত্র দেখাতে পারেন নি। তাৎক্ষণিক মোবাইল কোর্ট বসিয়ে ২০১০ ইংরেজীর বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল আইনে ভূয়া ডাক্তার মুজাক্কিরকে মামলা দায়েরের মাধ্যমে নগদ ৫০ হাজার টাকা জরিমানা আদায় করা হয়।

এছাড়া একই সময়ে সড়কের বাজারে অভিযান চালিয়ে একটি আইসক্রিম ফ্যাক্টরির মালিককে ভোক্তা অধিকার আইনে ১০ হাজার টাকা জরিমানা করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা।